দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... ১৯৮৮
পৃষ্ঠা ... কলাম ...

029

# দুই মাসেও ফল বের হয়নি

(স্টাফ রিপোর্টার)

পরীক্ষা অনুষ্ঠানের দু মাস পরও শতাধিক ছাত্র-ছাত্রীর পরীক্ষার ফল প্রকাশিত হয়নি। এতে পরীক্ষার্থীরা অনিশ্চয়তার মাঝে

(৩-এর পঃ দঃ)

## দুই মাসেও

১ম পঃ পর

আছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় শেষ বর্ষ এমবিবিএস পরীক্ষা গত ১৬ই মে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের অধীনে চারটি মেডিক্যাল কলেজ থেকে শতাধিক ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নেন। পরীক্ষা শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে ফল প্রকাশের নিয়ম থাকলেও এখনও তা হয়নি। এ ব্যাপারে চিকিৎসা অনুষদের ডীনের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ 'টেবুলেটিং শীট' সরবরাহ না করায় ফল প্রকাশে দেরী হচ্ছে। এদিকে ফল প্রকাশে দেরী হওয়ায় ১লা সেপ্টেম্বর থেকে অনুষ্ঠেয় পরবর্তী ফাইনাল এমবিবিএস পরীক্ষা অনুষ্ঠান অনিশ্চিত হয়ে পড়ছে।